

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং- ১৬২-আইন/২০১৭/০৫-মুসক।- সরকার, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২ এর দফা (ঙ), (ফ) ও (ম), ধারা ৫ এর উপ-ধারা (৩) ও (৪) এর দ্বিতীয় শর্তাংশ, ধারা ১৩ এর উপ-ধারা (১ক), ধারা ১৪ এর উপ-ধারা (১), ধারা ১৬(১), ধারা ১৬(১) এর শর্তাংশ, ধারা ৪৮ক, ধারা ৬০, ধারা ৭২ক এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩কক অধীন জারিকৃত প্রজ্ঞাপনসমূহ তদাধীন ক্ষমতাবলে এতদ্বারা রহিত করিল।

০২। রহিত প্রজ্ঞাপনসমূহের অধীন কোন কর বা ফি বা অন্য কোন পাওনা অনাদায়ী থাকিলে বা কোন কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা এমনভাবে আদায় বা নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত প্রজ্ঞাপনসমূহ রহিত করা হয় নাই।

০৩। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব